# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-২০০

তারিখঃ ০৭-০৬-১৪৩২ বঃ
২২-০৯-২০২৫ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ সাইফুল ইসলাম, আইডি নং-৮৩১২০২০০২, অফিস সহায়ক হিসেবে গত ১৫-০৯-২০২৪ খ্রিঃ তারিখে মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা'য় যোগদান করেন। যোগদানের পর তিনি গত ০৬-১০-২০২৪ খ্রিঃ থেকে ০৮-১০-২০২৪ খ্রিঃ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে ০৯-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে দপ্তরে অনুপস্থিত থেকে পুনরায় গুরুতর অসুস্থ অবস্থায় চিকিৎসাধীন আছেন মর্মে ১৪-১০-২০২৪ খ্রিঃ হতে ১৪-১২-২০২৪ খ্রি পর্যন্ত (২ মাস ২ দিন) ছুটির দরখাস্ত বাহক মারফত প্রেরণ করেন। পরবর্তীতে তিনি অসুস্থতাজনিত কারণে ১৭-১২-২০২৪ খ্রিঃ হতে ০১-০৩-২০২৫ খ্রিঃ পর্যন্ত পুনরায় ছুটি বৃদ্ধির আবেদন করেন। কিন্তু গুরুতর অসুস্থতার স্বপক্ষে কোনো ডাক্তারি সনদপত্র সংযুক্ত না করায় তা দাখিলের জন্য গত ২১-১১-২০২৪ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট দপ্তর হতে তাকে পত্র দেওয়া হয়। তদুপরি তিনি কোন প্রমাণক দাখিল করেননি। তাছাড়া, তিনি অদ্যাবধি দপ্তরে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। এরূপ প্রেক্ষাপটে, উল্লিখিত অভিযোগসমূহের প্রেক্ষিতে তার বিরুদ্ধে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-৬৪; তারিখঃ ২৪-০৩-২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করা হয় এবং ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশ প্রদান করা হয়। উক্ত পত্রটি তার কর্মস্থলের ঠিকানায় রেজিঃ এডি যোগে প্রেরণ করা হয় এবং একইসাথে পত্রটি তার স্থায়ী ঠিকানায় রেজিঃ এডি যোগে প্রেরণ করা হয়। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল হতে বিরত থাকেন। পরবর্তীতে, শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-৭০; তারিখঃ ১৬-০৪-২০২৫ খ্রিঃ মোতাবেক ৩(তিন) কার্য দিবসের মধ্যে জবাব দাখিলের জন্য শেষবারের মত তাকে নির্দেশ প্রদান করা হয়। তৎসত্ত্বেও তিনি জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। অতঃপর, জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-১১০; তারিখ: ২৪-০৫-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় তার ওপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-১৮৪; তারিখ: ২৪-০৮-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ ৭(সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ প্রদান করা হয়। উক্ত নোটিশটি তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা এর ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, বাসা নং-এফ-১৮/বি, সাগরদি ওয়াপদা কলোনি, বাপাউবো, বরিশাল ও জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোঃ আনোয়ার হোসেন, গ্রাম-হাতেমপুর, ডাকঘর+থানা-পাথরঘাটা, জেলাঃ বরগুনা এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয়। একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। তৎপ্রেক্ষিতে, জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক তার ওপর চাকরি হতে বরখাস্ত দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানোর জবাব প্রদান করেছেন।

৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক এর প্রদত্ত জবাবে আনীত অভিযোগের সুনির্দিষ্ট ও গ্রহণযোগ্য ব্যাখ্যা প্রদান করতে ব্যর্থ হয়েছেন। তিনি তার জবাবে উল্লেখ করেছেন যে, মনিটরিং সার্কেল কাবিখা, বাপাউবো, ঢাকা হতে ২১-১১-২০২৪ খ্রি. তারিখের পত্র কিংবা অন্য কোন নির্দেশনা/পত্র তিনি প্রাপ্ত হন নাই। অথচ, নথিপত্র পর্যালোচনায় দেখা যায়, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা হতে ২১-১১-২০২৪ খ্রিঃ এবং ১৪-১০-২০২৪ খ্রিঃ তারিখে জনাব মোঃ সাইফুল ইসলামের বর্তমান ও স্থায়ী ঠিকানায় দুইবার পত্র প্রেরণ করা হয়। এছাড়াও, তিনি বিনা অনুমতিতে দপ্তরে অনুপস্থিত থাকায় সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক চার দফা'য় তার কৈফিয়ত তলব করা হয়।

৫। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক তার জবাবে আরও উল্লেখ করেছেন যে, শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-৬৪; তাং-২৪-০৩-২০২৫ খ্রিঃ মোতাবেক প্রেরিত নির্দেশনা কিংবা বোর্ড হতে প্রেরিত কোন পত্র তিনি কখনোই প্রাপ্ত হননি। কিন্তু, নথিপত্র পর্যালোচনায় দেখা যায়, ২৪-০৩-২০২৫ খ্রিঃ তারিখের প্রেরিত পত্রটি রেজিঃ উইথ এডি (প্রাপ্তি স্বীকারপত্র) সহ তার কর্মস্থলের ঠিকানায় ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি **"প্রাপক এই ঠিকানায় কোন দিন বসবাস করে নাই। বর্তমানেও এই ঠিকানায় থাকে না এবং বসবাস করে না। পত্রখানা ফেরৎ হল"** মন্তব্যসহকারে ফেরত আসে। এছাড়াও, তাকে শেষবারের মতো সুযোগ দিয়ে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-৭০; তারিখঃ ১৬/০৪/২০২৫ খ্রিঃ তারিখে পুনরায় তার কর্মস্থলের ঠিকানা, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় রেজিঃ উইথ এডি (প্রাপ্তি স্বীকারপত্র) সহ পত্র প্রেরণ করা হয়। বর্তমান ঠিকানায় প্রেরিত পত্রটি **"প্রাপক বর্তমানে উক্ত ঠিকানায় থাকে না, তাই ফেরৎ"** মন্তব্যসহকারে ফেরত আসে এবং স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি **"প্রাপক এই ঠিকানায় কোন দিন বসবাস করে নাই। বর্তমানে এই ঠিকানায় বসবাস করে না। পত্র বাহক এই ঠিকানায় না পাওয়ায় পত্রখানা ফেরৎ হল"** মন্তব্য সহকারে ফেরত আসে।

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

৬। অথচ, তদন্ত প্রতিবেদন দৃষ্টে পরিলক্ষিত হয়, জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক এর বর্তমান ঠিকানা অর্থাৎ বাসা নং-এফ/বি, সাগরদি ওয়াপদা কলোনি, বরিশাল পানি উন্নয়ন বোর্ড এ তার পিতা-মাতা, ভাই বসবাস করছেন। তদন্ত কর্মকর্তা তাদের কাছে জনাব মোঃ সাইফুল ইসলাম এর অবস্থান জানতে চাইলে তারা তার অবস্থান জানাতে অনিচ্ছা প্রকাশ করেন এবং জনাব মোঃ সাইফুল ইসলাম আত্মগোপনে আছেন কি না এমন প্রশ্নের উত্তর তার পিতা-মাতা ও ভাই এড়িয়ে যান। তদন্ত প্রতিবেদন দৃষ্টে আরও পরিলক্ষিত হয়, তদন্ত কর্মকর্তা তার বিরুদ্ধে আনীত অভিযোগ খণ্ডনের বিষয়ে যথাযথ প্রমাণকসহ স্বশরীরে হাজির হবার জন্য তার দপ্তরের ঠিকানা, বর্তমান ঠিকানা ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার ডাকযোগে পত্র প্রেরণ করেন এবং ই-মেইল ও হোয়াটস অ্যাপে তার সাথে যোগাযোগের চেষ্টা করেন। কিন্তু, তিনি তদন্ত কর্মকর্তার সাথে কোনরূপ যোগাযোগ করেননি বা যথাসময়ে হাজির হননি।

৭। অধিকন্তু, কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির পর জনাব মোঃ সাইফুল ইসলাম কাজে যোগদান করেছেন কি না তা জানানোর জন্য তার দপ্তর প্রধান অর্থাৎ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা'কে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে, তার দপ্তর প্রধান পত্র মারফত জানান যে, জনাব মোঃ সাইফুল ইসলাম অদ্যাবধি দপ্তরের কাজে যোগদান করেননি এবং দপ্তরের সাথে কোনরূপ যোগাযোগও করেননি। এছাড়া, নভেম্বর/২০২৪ হতে অদ্যাবধি তার বেতন-ভাতাদি বন্ধ রয়েছে।

৮। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে। এক্ষণে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৯-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জনাব মোঃ সাইফুল ইসলাম, আইডি নং-৮৩১২০২০০২, অফিস সহায়ক, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৯-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

১০। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

২২/৯/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-২০০(১১)

তারিখঃ ০৭-০৬- ১৪৩২ বঙ্গাব্দ
২২-০৯-২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৬। উপপরিচালক (অহিনি), কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭। উপপরিচালক (অহিনি), ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৯। (ক) জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা।
(খ) জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, বাসা নং-এফ-১৮/বি, সাগরদি ওয়াপদা কলোনি , বাপাউবো, বরিশাল।
(গ) জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোঃ আনোয়ার হোসেন, গ্রাম-হাতেমপুর, ডাকঘর+থানা-পাথরঘাটা, জেলাঃ বরগুনা।

২২/০৯/২৫

(মোঃ মনিরুজ্জামান)
উপপরিচালক
পরিচিতি নং-৬৭০৬২৪০০১